সদর দপ্তর
বাংলাদেশ কোস্ট গার্ড
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭

ফোন ঃ ৪১০২৫৬৩৮ ফ্যাক্স ঃ ৪১০২৫৬০১
ই-মেইল ঃ dg@coastguard.gov.bd

১৪ বৈশাখ ১৪৩৩

৪৪.০৮.২৬৮০.০০১.২২.০০১.২৬. ২৮ ২৭ এপ্রিল ২০২৬

**অফিস আদেশ- জনাব আহমেদ হাকিম, এমটিডি (ব্যক্তিগত নং ২০২১১৪)**

সূত্র ঃ

ক। কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০।
খ। জোনাল কমান্ডার পূর্ব জোন পত্র নং ৪৪.০৮.১৫৬১.২০০.৪০.০০১.২৫.৪৮৯ তারিখ ১৫ সেপ্টেম্বর ২০২৫।
গ। কোস্ট গার্ড সদর দপ্তর এলএম নং ৪৪.০৮.২৬৮০.০০৪.১৩.০০১.২৫.৩৩৪ তারিখ ২৫ সেপ্টেম্বর ২০২৫।
ঘ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৬.২৭৭২ তারিখ ২৪ নভেম্বর ২০২৫।
ঙ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৬.২০১ তারিখ ২৫ জানুয়ারি ২০২৬।
চ। তদন্ত কর্মকর্তার কার্যালয় পত্র নং পিএফ/১৮৭৭/২০২৬/০৪ তারিখ ২৮ ফেব্রুয়ারি ২০২৬।
ছ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৬.৬২৯ তারিখ ১৫ মার্চ ২০২৬।
জ। জোনাল কমান্ডার পূর্ব জোন পত্র নং ৪৪.০৮.১৫৬১.২০০.৪০.০০১.২৬.২১৯ তারিখ ০২ এপ্রিল ২০২৬।

১। যেহেতু, জনাব আহমেদ হাকিম, এমটিডি (ব্যক্তিগত নং ২০২১১৪) কোস্ট গার্ড পূর্ব জোনে কর্মরত থাকাকালীন গত ২০ অক্টোবর ২০২৩ তারিখে ডাবল কেবিন পিকআপ ঢাকা মেট্রো-ঠ-১৩-৭৬৮৬ নিয়ে বিসিজি বেইস চট্টগ্রাম এমটিপুল থেকে নেভী হাসপাতাল গেইটে রুটিনে যাওয়ার সময় সল্টগোলা ক্রসিং অতিক্রম করার পর একটি সিভিল ট্রাকের সাথে ধাক্কা লাগে। এতে পিকআপটির পিছনের বডির বাম পাশে ক্ষতিগ্রস্থ হয় এবং পিছনের লাইট শেড ভেঙ্গে যায়। পরবর্তীতে ট্রাকের মালিক কর্তৃক টাকা ১০,০০০/০০ (টাকা দশ হাজার মাত্র) খরচ প্রদান সাপেক্ষে পিকআপটির মেরামত কার্য সম্পন্ন করেন;

২। যেহেতু, তিনি গত ০৩ মার্চ ২০২৫ তারিখে ডাবল কেবিন পিকআপ-০৬১৭ নিয়ে টেকনাফ যাওয়ার পথে কক্সবাজার রোডে ইনানীতে রাস্তার পাশ দিয়ে হেঁটে যাওয়া একজন বৃদ্ধকে ধাক্কা দেন। ফলশ্রুতিতে বৃদ্ধ লোকটি রাস্তার পাশে পড়ে যায়। তিনি বৃদ্ধকে চিকিৎসা খরচ বাবদ টাকা ১,০০০/০০ (টাকা এক হাজার মাত্র) প্রদান করে বিষয়টি মীমাংসা করেন;

৩। যেহেতু, তিনি গত ১৯ এপ্রিল ২০২৫ তারিখে ক্যারিবয়-৩২৩৬ নিয়ে অধিনায়ক, বিসিজিএস কামরুজ্জামান কে নিয়ে বিসিজি বার্থ পতেঙ্গা থেকে বানৌজা ঈসা খানে গমনের সময় সিমেন্ট ক্রসিং মোড়ে উল্টা পথে আসা একটি লরির সাথে ধাক্কা লাগে এবং তৎক্ষনাৎ গাড়িটির সামনের বাম্পার ভেঙ্গে যায়। উক্ত ঘটনায় তিনি লরির ড্রাইভারের সাথে সমঝোতার ভিত্তিতে লরির ড্রাইভারের নিকট থেকে টাকা ২,০০০/০০ (টাকা দুই হাজার মাত্র) নিয়ে ক্ষতিগ্রস্ত বাম্পার মেরামতের ব্যবস্থা করেন;

৪। যেহেতু, গত ০৪ জুন ২০২৫ কোস্ট গার্ড বাস-০০৩৬ নিয়ে লিবার্টিম্যান নিয়ে আসার সময় চট্টগ্রাম বারেক বিল্ডিং এলাকায় পৌঁছলে একটি লরির সাথে ধাক্কা লাগে এবং বাসটির মাঝ বরাবর ডেন্ট হয়। উক্ত ঘটনায় তিনি লরির ড্রাইভারের কাছ থেকে জরিমানা বাবদ টাকা ২,০০০/০০ (টাকা দুই হাজার মাত্র) আদায় করেন এবং পরবর্তীতে কোস্ট গার্ডের বাসটি এমটি পুলে স্থানীয় পেইন্টার দ্বারা পেইন্ট করে ডেন্ট অংশটি মেরামত করা হয়;

৫। যেহেতু, তিনি ০৪ জুন ২০২৫ তারিখে চট্টগ্রাম বারেক বিল্ডিং মোড়ে সংঘটিত দূর্ঘটনার বিষয়ে এমটি চীফ জিজ্ঞেস করলে এমটি চীফ এবং এমটি অ্যাসিস্ট্যান্ট এর সাথে অশালীন আচরণ করেন। তার এহেন অসংলগ্ন আচরণ সন্দেহের উদ্রেক হলে বিসিজি বেইস চট্টগ্রাম সিকবে হতে ডোপ টেস্ট করানো হয়। ডোপ টেস্টের রিপোর্টে THC (Tetrahydrocannabinol/ Marijuana) পজেটিভ পাওয়া যায়।

৬। যেহেতু, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে অসতর্কভাবে গাড়ি চালানোর ফলে বারংবার দুর্ঘটনায় পতিত এবং ডোপ টেস্টে THC (Tetrahydrocannabinol/Marijuana) পজেটিভ হওয়ার মাধ্যমে "কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০" এর ৩৯(ক) এবং (খ) প্রবিধি মতে যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা' এবং 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রাথমিক তদন্ত প্রতিবেদন পাওয়া যায়;

৭। যেহেতু, উপর্যুক্ত অপরাধে প্রাথমিক তদন্তের প্রতিবেদন অনুযায়ী 'কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০'-এর প্রবিধান ৩৯(ক) এবং (খ) অনুসারে 'দায়িত্ব পালনে অবহেলা' এবং 'অসদাচরণ'-এর অভিযোগে অভিযুক্ত করে একই প্রবিধানমালার প্রবিধান ৪৩(১)(খ) অনুযায়ী অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান কর্মস্থলে প্রেরণ করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে জনাব আহমেদ হাকিম, এমটিডি (ব্যক্তিগত নং ২০২১১৪) এর দাখিলকৃত জবাব পর্যালোচনায় তা সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তের জন্য ০২ (দুই) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়;

৮। যেহেতু, তদন্ত কর্মকর্তার গত ২৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে জনাব আহমেদ হাকিম, এমটিডি (ব্যক্তিগত নং ২০২১১৪) এর বিরুদ্ধে 'কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০'-এর প্রবিধান ৩৯(ক) এবং (খ) অনুসারে 'দায়িত্ব পালনে অবহেলা' এবং 'অসদাচরণ'-এর অভিযোগের সত্যতা থাকায় একই প্রবিধানমালার প্রবিধান ৪৩(৬) মোতাবেক তাকে **'বেতনক্রমের নিম্নস্তরে অবনমিতকরণ'** গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য নির্দেশ দেওয়া হয়;

৯। যেহেতু, অভিযুক্ত কর্মচারী গত ০২ এপ্রিল ২০২৬ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে স্বীকারোক্তিমূলক জবাব দাখিল করেন। অপরাধের গুরুত্ব বিবেচনায় জনাব আহমেদ হাকিম, এমটিডি (ব্যক্তিগত নং ২০২১১৪) কে **'বেতনক্রমের নিম্নস্তরে অবনমিতকরণ'** গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়;

১০। যেহেতু, জনাব আহমেদ হাকিম, এমটিডি (ব্যক্তিগত নং ২০২১১৪) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'দায়িত্ব পালনে অবহেলা' এবং 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে 'কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০'-এর প্রবিধান ৪০(১)(খ)(অ) মোতাবেক **'বেতনক্রমের নিম্নস্তরে অবনমিতকরণ'** করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

১১। সেহেতু, জনাব আহমেদ হাকিম, এমটিডি (ব্যক্তিগত নং ২০২১১৪)-কে তার কৃত অপরাধের গুরুত্ব ও মাত্রা বিবেচনায় 'বাংলাদেশ কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০'-এর প্রবিধান ৪০(১)(খ)(অ) মোতাবেক গুরুদণ্ড হিসেবে **'বেতনক্রমের নিম্নস্তরে অবনমিতকরণ'** আদেশ প্রদান করা হলো। অর্থাৎ তার বর্তমান বেতন গ্রেড ১৫ যার মূল বেতনক্রম টাকা ৯,৭০০/০০-২৩,৪৯০/০০ তন্মধ্যে অভিযুক্ত এমটিডির মূল বেতন টাকা ১১,৮১০/০০, যা হতে নিম্নধাপ অর্থাৎ এক ধাপ নিচে মূল বেতন টাকা ১১,২৪০/০০ এ অবনমিত করা হলো। বেতন অবনমিতকরণকালের সমাপ্তিতে অবনমিতকরণের পূর্ববর্তীকাল এবং অবনমিতকরণকাল সম্পূর্ণভাবে বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে। এ দণ্ডপ্রাপ্ত কর্মচারী দণ্ডের মেয়াদ এবং অতিরিক্ত এক বছরের জন্য পদোন্নতি, সিলেকশন গ্রেড বা টাইমস্কেল ইত্যাদির জন্য বিবেচিত হবেন না এবং বেতন অবনমিত থাকাকালীন সময়ের কোন বকেয়া প্রাপ্য হবেন না।

১২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ জিয়াউল হক
রিয়ার এডমিরাল
মহাপরিচালক

বিতরণ ঃ
বহিস্থ ঃ
কার্য ঃ

জোনাল কমান্ডার পূর্ব জোন
অধিনায়ক, বিসিজি বেইস চট্টগ্রাম } - (এতদ্‌বিষয়ে গুরুদণ্ড কার্যকরকরতঃ পার্সোনেল পরিদপ্তরকে অবহিতকরণের অনুরোধসহ)।

জনাব আহমেদ হাকিম, এমটিডি, ব্যক্তিগত নং-২০২১১৪
কোস্ট গার্ড পূর্ব জোন

অন্তস্থ ঃ
অবগতি ঃ

পরিচালক (লজিস্টিকস্) - বেতন ও আর্থিক বিষয়াদি নিরূপনের অনুরোধসহ।
পরিচালক (গোয়েন্দা)
পরিচালক (আইটি ও যোগাযোগ) - কোস্ট গার্ড ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
জাজ অ্যাডভোকেট জেনারেল